

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪৯

ধৰ্মনগর, ৫ জুন, ২০২৪

উত্তর ত্রিপুরা জেলায় জুন মাসকে 'জলে ডুবা  
প্রতিরোধ মাস' হিসেবে পালন করা হবে

জুন মাসকে 'জলে ডুবা প্রতিরোধ মাস' হিসেবে পালন করার প্রস্তুতি নেওয়া হয়েছে উত্তর ত্রিপুরা জেলায়। এই উপলক্ষে সম্প্রতি জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলার অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস। উপস্থিত ছিলেন ধৰ্মনগরের মহকুমার মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, জেলা বিপর্যয় ব্যবস্থাপনার শাখা আধিকারিক সুমন রক্ষিত, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস জানান, জলে ডুবে যাওয়া বা জলে ডুবে মৃত্যু প্রতিরোধে জুন মাসে বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হবে। সভায় আলোচনার মাধ্যমে এই কর্মসূচির একটি রূপরেখা তৈরী করা হয়। তাছাড়াও জেলায় জলে ডুবে মৃত্যুর প্রতিরোধে জনসাধারণকে সচেতন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মীগণ ও স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ দেওয়া হবে।

\*\*\*\*\*